**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ
প্রশাসন শাখা
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-২৮০ এ, তারিখ: ১২ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
২৬ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়: বিচারপ্রার্থী জনগণের সেবাপ্রাপ্তি সহজীকরণের লক্ষ্যে রায় ও আদেশের কপি যথাসময়ে অধস্তন আদালতে প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিজ্ঞ আইনজীবী ও বিভিন্ন মাধ্যমে ইহা গোচরীভূত হয়েছে যে, মাননীয় কোর্ট কর্তৃক রায়/আদেশ হওয়ার পর মামলার নথি সংশ্লিষ্ট শাখা কর্তৃক প্রাপ্তির পর উক্ত নথির পরবর্তী কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করা হচ্ছে না। প্রায়ই লক্ষ করা যাচ্ছে যে, মাননীয় কোর্ট কর্তৃক প্রদত্ত রায়/আদেশ শাখা কর্তৃক যথাসময়ে টাইপ/কম্পোজ করে তা বিতরনের নিমিত্ত আদান প্রদান শাখায় পাঠানো হচ্ছে না। ফলে বিচারপ্রার্থী জনগণের ন্যায় বিচার প্রাপ্তিতে বিলম্ব ও বিঘ্ন সৃষ্টি হচ্ছে, যা অনভিপ্রেত ও অফিস শৃঙ্খলা পরিপন্থী।

২। এমতাবস্থায়, মাননীয় প্রধান বিচারপতি কর্তৃক বিগত ১৮/০৯/২০২৪ তারিখে ঘোষিত ১২ (বারো) দফা নির্দেশনার আলোকে দেশের সকল নাগরিকের বিচার সেবায় অভিগম্যতা নিশ্চিতকরণ এবং বিচারিক সেবা প্রাপ্তিতে প্রতিবন্ধকতা ও নানাবিধ অনিয়ম দূরীকরণের উদ্দেশ্যে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলোঃ

ক) মাননীয় কোর্ট কর্তৃক প্রদত্ত জামিন আদেশ/খালাস আদেশ কিংবা আসামির মুক্তি পাওয়া সংক্রান্তে প্রদত্ত আদেশ/রায় কিংবা Anticipatory Bail সংক্রান্তে প্রচারিত আদেশের পর নথি কোর্ট হতে সংশ্লিষ্ট শাখা কর্তৃক প্রাপ্তির পর ঐ দিনেই কিংবা যুক্তি সঙ্গত কারণে ঐ দিন সম্ভব না হলে পরবর্তী কার্যদিবসের মধ্যেই টাইপ/কম্পোজ করে আই টি শাখা সহ তার হার্ড কপি আদান প্রদান শাখায় প্রেরণ করতে হবে।

খ) মাননীয় কোর্ট কর্তৃক প্রদত্ত রিট বা অন্য কোন মোকদ্দমায় কোর্ট কর্তৃক প্রতিপক্ষকে অবগত করা সংক্রান্তে কোন সময় উল্লেখ না থাকলে মাননীয় কোর্ট কর্তৃক প্রদত্ত আদেশ/রায় এর নথি সংশ্লিষ্ট শাখা কর্তৃক প্রাপ্তির পর আদেশ/রায় কম্পোজ/টাইপ সহ সকল কার্যক্রম নথির ক্রমানুসারে পরবর্তী ০৩(তিন) কার্য দিবসের মধ্যে সম্পন্ন করে আদান প্রদান শাখায় প্রেরণ করতে হবে।

গ) মাননীয় কোর্ট কর্তৃক প্রদত্ত সিভিল বা অন্য কোন মোকদ্দমায় নির্দিষ্ট কোন সময়ের মধ্যে অবগত করা সংক্রান্ত কোন নির্দেশনা না থাকলে উক্ত রূপ মামলায় প্রদত্ত আদেশ/রায় এর নথি সংশ্লিষ্ট শাখা কর্তৃক প্রাপ্তির পর আদেশ/রায় কম্পোজ/টাইপ সহ সকল কার্যক্রম নথির ক্রমানুসারে পরবর্তী ০৭(সাত) কার্য দিবসের মধ্যে সম্পন্ন করে আদেশ/রায় প্রযোজ্য ক্ষেত্রে Lower Court Record (LCR) সহ আদান প্রদান শাখায় প্রেরণ করতে হবে।

ঘ) মাননীয় কোর্ট কর্তৃক যে কোন মোকদ্দমায় প্রদত্ত আদেশ/রায়ে নির্দিষ্ট সময়ের মধ্যে আদেশ/রায় অবগত করা কিংবা সুনির্দিষ্ট কোন নির্দেশনা প্রদান করা হলে উক্ত রূপ নির্দেশনা অনতিবিলম্বে অগ্রাধিকার ভিত্তিতে শাখা কর্তৃক টাইপ/কম্পোজ সম্পন্ন করে উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঙ) বিচারপ্রার্থী জনগণ কর্তৃক দ্রুততম সময়ের মধ্যে বিচারিক সেবা প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করণের নিমিত্ত উল্লেখিত নির্দেশনা সহ বিগত ২৩/০৯/২০২৪ তারিখে ৮৭৮-এ নং বিজ্ঞপ্তি মূলে প্রচারিত ১২ (বারো) দফা নির্দেশনা প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ট শাখার সুপারিনটেনডেন্টগণ- কে নির্দেশ প্রদান করা হলো। উক্ত রূপ নির্দেশনা প্রতিপালনে কোন ব্যত্যয় প্রমাণিত হলে তা অসদাচরণ গণ্যে সংশ্লিষ্ট কর্মচারী সহ শাখার দায়িত্ব প্রাপ্ত সুপারিনটেনডেন্টগণের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

চ) উল্লেখিত নির্দেশনা বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট শাখার সহকারী ও ডেপুটি রেজিস্ট্রারগণকে শাখার প্রতিদিনের কার্যক্রম তদারকির জন্য নির্দেশ প্রদান করা হলো।

**স্বাক্ষরিত**

(ড. মোঃ আতিকুস সামাদ)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোন: ০২-২২৩৩৮১৮৬৫
ইমেইল:aticklaw@gmail.com

স্মারক নং-১ই-২১/২৫-৫৭০০ (৭) এ, তারিখ: ১২ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ২৬ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। রেজিস্ট্রার (বিচার), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪। সভাপতি/সাধারণ সম্পাদক বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি, ঢাকা।
৫। অতিরিক্ত রেজিস্ট্রার........................ (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬। ডেপুটি রেজিস্ট্রার.......................... .(সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৭। সহকারী রেজিস্ট্রার.......................... (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৮। মাননীয় রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৯। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০। সুপারিনটেনডেন্ট.................................. (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১১। অফিস কপি।

২৬/৬/২০২৫

(আশফাক আহমেদ)
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ০২২২৩৩৫১৭১৬